

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়
মন্ত্রণালয়
সমবায় অধিদপ্তর
বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা
www.coop.khulnadiv.gov.bd

জরুরি

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.২৬১.৩৩.০০১৭.১৬.৬৫৭

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১১ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: পাশখালী কেন্দ্রীয় দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লিঃ এর নিবন্ধন বাতিল সংক্রান্ত কারণ দর্শানো।

যেহেতু, খুলনা জেলার ডুমুরিয়া উপজেলাধীন পাশখালী কেন্দ্রীয় দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লিঃ (নিবন্ধন নম্বর: ০৭/খুল, তারিখ: ১৯/৪/২০১৬), গ্রাম: পাশখালী, ডাকঘর: শলুয়া বাজার, উপজেলা-ডুমুরিয়া, জেলা-খুলনা এর কার্যক্রম বিগত এক বছরের অধিককাল যাবৎ বন্ধ রয়েছে;

যেহেতু, উক্ত কারণে জেলা সমবায় অফিসার, খুলনা কর্তৃক বিগত ০৪ সেপ্টেম্বর ২০২৫ তারিখের ৪৭.৬১.৪৭০০.০০০.০০০.৩৩.০০৯৮.১৯.১২০৮ নম্বর স্মারকপত্রে বর্ণিত সমিতির নিবন্ধন বাতিলের জন্য সুপারিশ করা হয়েছে এবং এ কার্যালয়ের বিগত ০৯ সেপ্টেম্বর ২০২৫ তারিখের ৪৭.৬১.০০০০.০০০.২৬১.৩৩.০০১৭.১৬.৪৮৭ নম্বর স্মারকে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন- ২০০২ ও ২০১৩) এর ধারা ৫৩(ঙ) মোতাবেক কেন সমিতিটির নিবন্ধন সরাসরি বাতিল করা হবে না মর্মে ২৯ সেপ্টেম্বর ২০২৫ তারিখের মধ্যে জবাব দাখিলের জন্য সমিতির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বরাবর সমিতির নিবন্ধিত ঠিকানায় কারণ দর্শানো নোটিশ জারী করা হয়;

যেহেতু, নির্ধারিত সময়ের মধ্যে উক্ত নোটিশের কোন জবাব দাখিল করা হয়নি;

সেহেতু, সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন-২০০২ ও ২০১৩) এর ধারা ৫৩(ঙ) এর অর্পিত ক্ষমতা বলে উল্লিখিত সমিতির নিবন্ধন আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

১১-১২-২০২৫

মোঃ নূরুন্নবী

বিভাগীয় যুগ্ম নিবন্ধক

০২৪৭৭৭০১৯৮১

✉ jr.khulna@coop.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সভাপতি (মেয়াদ উত্তীর্ণ ব্যবঃ কমিটি), পাশখালী কেন্দ্রীয় দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লিঃ, গ্রাম- পাশখালী, ডাকঘর- শলুয়া বাজার, উপজেলা- ডুমুরিয়া, জেলা-খুলনা।
- ২। পরিদর্শক, অডিট, আইন ও সমিতি শাখা, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা (তাকে বর্ণিত নিবন্ধন বাতিল আদেশটি ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। উপজেলা সমবায় অফিসার, ডুমুরিয়া, খুলনা।
- ৪। জেলা সমবায় অফিসার, খুলনা।

